



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

লংগদু হামলার ঘটনায় ১০ জনের বিরুদ্ধে মামলা, ৩ জন গ্রেফতার : ইউপিডিএফের সন্তোষ প্রকাশ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ রবিবার ১০ মে ২০২০ এক বিবৃতিতে গতকালের লংগদু হামলার ঘটনায় ১০ জনের বিরুদ্ধে মামলা, তার মধ্যে ৩ জনকে ইতিমধ্যে গ্রেফতার এবং হামলার শিকার পাহাড়ীদের ক্ষতিপূরণ দেয়ার সিদ্ধান্তের বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন।

এজন্য স্থানীয় প্রশাসনকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, আজ যেভাবে স্থানীয় মুরুব্বীদের সাথে আলোচনার মাধ্যমে স্থানীয় সামরিক ও বেসামরিক প্রশাসন গতকালের হামলার ঘটনার মীমাংসা করে দৃষ্টান্ত স্থাপন করেছেন, সেভাবে যদি সরকার ও প্রশাসনের সদৃশ্য থাকে তাহলে পার্বত্য চট্টগ্রামে সংঘটিত অন্য সকল সহিংস ঘটনারও ন্যায়বিচার পাওয়া সম্ভব হবে।

তিনি বলেন, বিনা কিংবা ঠুনকো অজুহাতে এক শ্রেণীর বহিরাগত সেটলার কর্তৃক পাহাড়ীদের উপর শারীরিকভাবে হামলা করা যেন একটি রেওয়াজে পরিণত হয়েছে, যা সভ্য সমাজে কোনভাবেই মেনে নেয়া যায় না।

আন্তঃজাতিগত, আন্তঃসম্প্রদায়গত বা আন্তঃপার্টিগত কোন ভুল বোঝাবুঝি কিংবা সমস্যা সৃষ্টি হলে তা পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে নিরসন করা উচিত বলে মন্তব্য করে তিনি বলেন, এ ক্ষেত্রে সরকারের ভূমিকা হলো সবচেয়ে বেশী।

ইউপিডিএফ নেতা আশা প্রকাশ করেন, খাগড়াছড়ির দীঘিলালা প্রশাসনও লংগদুর স্থানীয় প্রশাসনের সমস্যা মীমাংসা করার পদ্ধতি থেকে শিক্ষা নিয়ে সন্ত্রাসীদের মদদ দেয়া বন্ধ করবে এবং সম্প্রতি সেখানে বানছড়া গ্রামে ইউপিডিএফ সদস্য খুনের ঘটনায় জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করবে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)